

## ধূলো সংগ্রহ করে ছায়া

ধূলো সংগ্রহ করে ছায়া  
ছায়া দেয় প্রান্তের নিশানা  
প্রান্ত আবার বিভিন্নতার জন্ম দেয়  
বিভিন্নতা থেকে আসে মূল্যায়নের নির্দেশনা।  
মূল্যায়ন সবসময় বিভ্রান্তির সৃষ্টি করে  
বিভ্রান্তি থেকে আসে পাগলামো।  
পাগলামোই সৃষ্টি করে পৃথিবীসমূহের  
পৃথিবীরা হান্কা হাওয়ায় ভেসে বেড়ায়  
হান্কা ভাবের থেকে জন্ম হৃদয়ের  
হৃদয়কে অবলোকন করি স্তবির পৃথিবীতে  
স্তবির পৃথিবী আবার ধূলো সংগ্রহ করে।

Beth Jacobs এর *Dust Collects Shadows* এর  
অনুবাদ

অনুবাদকঃ ডঃ খায়রুল হক চৌধুরী  
সেভেন হিলস, ১০ নভেম্বর ২০১০